

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৩৯.২০১৭- ০৪

তারিখঃ ১৯ পৌষ ১৪২৪
০২ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৫৯৪২/২০১৭, [পিটিশনার জনাব মোঃ সফিকুল ইসলাম, পিতা-মৃত- মোঃ নজরুল ইসলাম, বাড়ি নং- ১৪৫/১৪৬, এ্যাডিনিউ-৫, লেভেল-৫, ব্লক-সি, সেকশন-১১, মিরপুর-১১, ঢাকা-১২২৬- বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা, বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৫.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৭.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ঢাকা পৌর কর্পোরেশন চাকুরী বিধিমালা, ১৯৮৯ এর আলোকে গত ২৮/১২/১৬ খ্রিঃ তারিখের ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের চাকুরী হতে চূড়ান্ত ভাবে বরখাস্ত আদেশের বিরুদ্ধে আপীল সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৮ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ সুনানী অস্তেঃ তর্কিত বরখাস্ত আদেশ কেন বে-আইনী ঘোষণা করা হবে না এবং এ বিষয়ে পিটিশনারের ২৮.২.২০১৭ তারিখের আপীল আবেদনটি নিষ্পত্তির জন্য কেন নির্দেশনা দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।